দৈনিক খবর

তারিখ 13-JAN 1991
পৃষ্ঠা 2 কলাম 4

10

৪

# ঢাকা ভার্সিটি রেজিষ্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের কর্মসূচী

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর আর্টিক্যাল ২০(১) (জ) এবং প্রথম সংবিধির সংশোধিত ৪৬ ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের ২৫ জন প্রতিনিধি নির্বাচনের কর্মসূচী ঘোষণা করা হয়েছে।

ঘোষণা অনুযায়ী আগামী ২৬শে জানুয়ারী শনিবার বিকেল ৪টার মধ্যে একজন প্রার্থী হিসেবে মনোনীত ব্যক্তির সম্মতিসহ মনোনয়পত্র রেজিস্টারের কাছে পৌছাতে হবে। আগামী ৫ই ফেব্রুয়ারী, মঙ্গলবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে মনোনয়নপত্র বাছাই করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহার করার শেষ তারিখ হচ্ছে ৯ই ফেব্রুয়ারী শনিবার। রেজিস্টারের অফিসের নোটিশ বোর্ডে আগামী ১১ই ফেব্রুয়ারী সোমবার মনোনীত বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। নির্বাচনের তারিখ ও সময় আগামী ১২ই মার্চ মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকেল ২-০০ পর্যন্ত। খবর বিজ্ঞপ্তির।